# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2017**
**SECOND YEAR (BATCH 2016-19)**
**BENGALI (Honours)**

Date : 12/12/2017
Time : 11am - 3pm
Paper : III
Full Marks : 70

বিভাগ 'ক', বিভাগ 'খ' এবং বিভাগ 'গ'-এর উত্তর আলাদা আলাদা উত্তরপত্রে লিখতে হবে। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পর পরীক্ষা পরিদর্শক ছাত্রদের কাছ থেকে বিভাগ 'খ' এবং বিভাগ 'গ'-এর উত্তরপত্র দুটি সংগ্রহ করবেন ।

## বিভাগ - ক

১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১০)

বাংলা নাটক সাহিত্যের ইতিহাসে দীনবন্ধু মিত্রের ভূমিকা আলোচনা করো।

**অথবা**

বাংলা নাটক সাহিত্যের ইতিহাসে রবীন্দ্রনাথের রূপক- সাংকেতিক নাটকগুলি কেন গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে তা আলোচনা করো।

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১০)

'কৃষ্ণকুমারী নাটক'-কি যথার্থ ট্র্যাজেডি হয়ে উঠেছে? ব্যাখ্যা করো।

**অথবা**

'কৃষ্ণকুমারী নাটক'-এ নারীচরিত্র নির্মাণে মধুসূদন দত্তের কৃতিত্ব আলোচনা করো।

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ

বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে 'যুগসন্ধির কবি' হিসাবে ঈশ্বর গুপ্তের মূল্যায়ন করো। (১০)

**অথবা**

সুকুমার রায়ের ছড়ার জগৎ সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো।

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১০)

রবীন্দ্রনাথের 'বলাকা' কবিতায় কবি যে 'বেগের আবেগ'-এর কথা বলেছেন তার স্বরূপ কবিতায় কীভাবে প্রকাশ পেয়েছে আলোচনা করো।

**অথবা**

রবীন্দ্রনাথের 'আমি' কবিতায় কবি যে সত্তার উপলব্ধির কথা বলেছেন তা ব্যাখ্যা করো।

৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১০)

সত্যেন্দ্রনাথ দত্ত-র 'যক্ষের নিবেদন' কবিতায় বিরহের যে আর্তি প্রকাশ পেয়েছে তার স্বরূপ ব্যাখ্যা করো।

**অথবা**

যতীন্দ্রনাথ সেনগুপ্ত-র 'হাট' কবিতায় প্রকৃতি এবং মানবজীবনের ঘনিষ্ঠ সান্নিধ্যের ছবি কীভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১০)

গীতিকবিতার সংজ্ঞা লেখো। উদাহরণসহ এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

**অথবা**

বাংলা গানের ধারা সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো।

৭। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো ঃ (১০)

পৌরাণিক নাটকের সংজ্ঞা দাও। এই ধরনের নাটকের সাধারণ বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো। যে কোনো একটি বাংলা পৌরাণিক নাটক উদাহরণ হিসেবে ব্যবহার করে দেখাও সেটি কীভাবে সার্থক পৌরাণিক নাটক হয়ে উঠেছে।

**অথবা**

অ্যাবসার্ড নাটকের সংজ্ঞা লেখো। একটি সার্থক অ্যাবসার্ড নাটকের পরিচয় দাও।

——————— × ———————

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2017**
**SECOND YEAR (BATCH 2016-19)**
**BENGALI (Honours)**
Paper : III

Date : 12/12/2017
Time : 11am – 11.30am
Full Marks : 10

Reg. No. : ______________________________________________ Admit Roll No. : ______________________

বিভাগ 'খ'-এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ৩০ মিনিট। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পর পরীক্ষা পরিদর্শক ছাত্রদের কাছ থেকে বিভাগ 'খ'-এর উত্তরপত্রটি সংগ্রহ করবেন ।

**বিভাগ - খ**

সঠিক উত্তরটির পাশে (✓) চিহ্ন বসাও ঃ (০.৫ × ২০)

১। সন্ধি বিচ্ছেদ কর ঃ—

ক) বৃহস্পতি

i) বৃহৎ + স্পতি ii) বৃহৎ + পতি iii) বৃহ + পতি iv) বৃহ + স্পতি

খ) পরীক্ষা

i) পরি + ঈক্ষা ii) পরি + ইক্ষা iii) পরী + ইক্ষা iv) পরী + ঈক্ষা

গ) প্রাতরাশ

i) প্রাত + রাশ ii) প্রাতঃ + রাশ iii) প্রাতঃ + আশ iv) প্রাত + আশ

ঘ) পরিষ্কার

i) পরিঃ + কার ii) পরি + কার iii) পরি + স্কার iv) পরিঃ + স্কার

২। সন্ধি যুক্ত কর ঃ—

ক) নিঃ + রোগ

i) নিরোগ ii) নীরোগ iii) নিঃরোগ iv) নীঃরোগ

খ) দুঃ + অবস্থা

i) দূরবস্থা ii) দূরাবস্থা iii) দুরাবস্থা iv) দুরবস্থা

গ) অতি + আশ্চর্য

i) অত্যাশ্চার্য ii) অত্যাশ্চর্য iii) অত্যশ্চর্য iv) অত্যশ্চার্য

ঘ) বাক্ + আড়ম্বর

i) বাগারম্বড় ii) বাগাড়ম্বর iii) বাকারম্বড় iv) বাকাড়ম্বর

৩। নিম্নলিখিত শব্দগুলিতে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে? ঃ—

ক) প্রত্যাশা

i) ই + অ ii) ঈ + আ iii) ই + আ iv) ঈ + অ

খ) জনৈক

i) অ + ঐ ii) আ + ঐ iii) অ + এ iv) আ + এ

গ) তীর্থোদক

i) অ + ঊ ii) আ + ঊ iii) অ + উ iv) আ + উ

৪। লিঙ্গান্তর কর ঃ—

ক) পরীক্ষার্থী

i) পরীক্ষার্থিনি ii) পরীক্ষার্থীনি iii) পরীক্ষার্থিনী iv) পরিক্ষার্থিনী

খ) বিদ্বান

i) বিদূষী ii) বিদূষি iii) বিদুষি iv) বিদুষী

গ) অনাথ

i) অনাথিনী ii) অনাথিনি iii) অনাথা iv) অনাথী

৫। নিম্নলিখিত শব্দগুলির বহুবচনের রূপ লেখ ঃ—

ক) শিক্ষক

i) শিক্ষকরাজি ii) শিক্ষকসমূহ iii) শিক্ষকমন্ডলী iv) শিক্ষককুল

খ) মেঘ

i) মেঘশ্রেণি ii) মেঘমালা iii) মেঘপুঞ্জ iv) মেঘরাশি

গ) ঘটনা

i) ঘটনামালা ii) ঘটনাপুঞ্জ iii) ঘটনাবলি iv) ঘটনারাজি

৬। পদান্তর কর ঃ—

ক) অন্তর্ধান

i) অন্তর্ধৃত ii) অন্তহৃত iii) অন্তর্হিত iv) অন্তঃধৃত

খ) হেমন্ত

i) হেমন্তিক ii) হৈমন্তিক iii) হৈমন্তীক iv) হেমন্তীক

গ) অনুভব

i) অনুভবী ii) অনুভাবিক iii) অনূভুত iv) অনুভূত

——— × ———

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2017**
**SECOND YEAR (BATCH 2016-19)**

Date : 12/12/2017 **BENGALI (Honours)**
Time : 11am – 11.30am Paper : III Full Marks : 20

Reg. No. : ______________________________ Admit Roll No. : ____________________

বিভাগ 'গ'-এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ৩০ মিনিট। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পর পরীক্ষা পরিদর্শক ছাত্রদের কাছ থেকে বিভাগ 'গ'-এর উত্তরপত্রটি সংগ্রহ করবেন ।

**<u>বিভাগ - গ</u>**

এক কথায় উত্তর লেখ ঃ (২০ × ১)

১। ''কাল যে আমার নতুন ঘরে....................হবে।''— শূন্যস্থান সঠিক শব্দে পূরণ করো।

উ

২। 'মধ্যাহ্নে' কবিতায় নদীকূলে কবি কী দেখেছিলেন?

উ

৩। 'ছাত্রধারা' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত ছিল?

উ

৪। 'জীবনদেবতা' কবিতায় কবি যে নামে জীবনদেবতাকে সম্বোধন করেছেন তার মধ্যে যে কোন দুটির উল্লেখ করো।

উ

৫। 'সাধারণ মেয়ে' কবিতায় উল্লিখিত এলোকেশী কোন গল্পের নায়িকা?

উ

৬। 'আফ্রিকা' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

উ

৭। কোন গ্রিক শব্দ থেকে 'ট্রাজেডি' শব্দের উৎপত্তি?

উ

৮। ট্রাজিক নায়কের ভাগ্য বিড়ম্বনার মূলে যে বিষয়টি থাকে তার কী নাম দিয়েছিলেন আরিস্টটল?

উ

৯। ‘কমেডি’ শব্দটির উৎপত্তি কোন গ্রিক শব্দ থেকে?

উ

১০। কে, কোন সময়ে ‘সনেট’ নামের কাব্যসংরূপটির প্রবর্তন করেছিলেন?

উ

১১। ‘লিরিক’ শব্দের উৎপত্তি যে গ্রিক শব্দ থেকে অর্থসহ সেই শব্দটির উল্লেখ করো।

উ

১২। ‘স্যাটায়ার’ শব্দটির উৎপত্তি কোথা থেকে ঘটেছে?

উ

১৩। কোন নাটককারের ছদ্মনাম ‘মুকুটাচরণ মিত্র’?

উ

১৪। ‘নীলদর্পণ’ নাটকের প্রকাশকাল লেখো।

উ

১৫। কোন নাটকে মধুসূদন দত্ত অমিত্রাক্ষর ছন্দের পরীক্ষামূলক প্রয়োগ ঘটিয়েছিলেন?

উ

১৬। ‘বীরবাহু কাব্য’ কার লেখা?

উ

১৭। ‘সারদামঙ্গল’ কাব্যে কার মাহাত্ম্য আলোকিত হয়েছে?

উ

১৮। ‘স্মরগরল’ কাব্যগ্রন্থ কোন কবির রচনা?

উ

১৯। মহারাষ্ট্রপতির শিবির থেকে যে দূত রাজা ভীম সিংহ-র রাজসভায় এসেছিলেন তাঁর নাম কী?

উ

২০। ধনদাস চিত্রপট জগৎ সিংহ-র কাছে কত টাকায় বিক্রয় করেছিল?

উ

———— × ————